গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
আইসিটি শাখা
www.faridpur.gov.bd

# জেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির জানুয়ারি-২০২৬ মাসের সভার কার্যবিবরণী


| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ কামরুল হাসান মোল্যা<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৫/০১/২০২৬ খ্রিষ্টাব্দ |
| সভার সময় | বেলা ১১:২০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক, ফরিদপুর এর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- ক |

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাযক্রম শুরু করা হয়। আধুনিক ও উন্নত বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির কার্যক্রমকে আরো গতিশীল করার বিষয়ে সভাপতি দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | গত ১৮/১২/২০২৫ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয় | আলোচনান্তে কার্যবিবরণীর কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | - |
| ০২ | প্রচার প্রচারণা কার্যক্রম: বিভিন্ন ধরণের সাইবার অপরাধ ও সাইবার বুলিং প্রতিরোধে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার মাধ্যমে কিশোর-কিশোরীদের সচেতন করা | ১) শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সাইবার অপরাধ সম্পর্কে ধারণা প্রদানের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসারগণ, সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করবেন।<br>২) জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে সাইবার অপরাধ বিষয়ে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম যেমন বিতর্ক প্রতিযোগিতা গ্রহণ করা যেতে পারে। সেপ্রেক্ষিতে সুবিধাজনক সময়ে **“ফরিদপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়” বনাম “সারদা সুন্দরী বালিকা উচ্চ বিদ্যালয়, ফরিদপুর”** এর মধ্যে **আগামী ২২/০১/২০২৫ তারিখে** বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত হয়। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ফরিদপুর<br>৩) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর<br>৪) উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)<br>৫) জেলা সিনিয়র তথ্য কর্মকর্তা, ফরিদপুর<br>৬) প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়, ফরিদপুর।<br>৭) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার ফরিদপুর |
| ০৩ | সাইবার অপরাধ প্রতিরোধে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ | ১) সাইবার অপরাধ প্রতিরোধে প্রতিকারমূলক ব্যবস্থা হিসেবে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী খসড়া পরিকল্পনা গ্রহণ করে সেই অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। দীর্ঘ মেয়াদী পরিকল্পনা হিসেবে জনগুরুত্বপূর্ণ উপযুক্ত স্থানে ১ম পর্যায়ে একটি **‘ডিজিটাল বিলবোর্ড’** স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত হয়।<br>২) শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে সাইবার অপরাধ, আইন এবং সাইবার অপরাধের শাস্তি সম্পর্কে সচেতনতামূলক একটি সেমিনার আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সময়ে আয়োজন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) উপজেলা শিক্ষা অফিসার (সকল), ফরিদপুর।<br>৩) অধ্যক্ষ, সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর<br>৪) প্রোগ্রামার(অ:দা:), ফরিদপুর |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | আইনি সহায়তা প্রদান ও পুনর্বাসন করা | সাইবার অপরাধের শিকার কিশোর-কিশোরীদের যথোপযুক্ত আইনি সহায়তা নিশ্চিত করে ভিক্টিমদের দ্রুত পুনর্বাসন করতে হবে। এ সংক্রান্ত তথ্যাদি সভায় উপস্থাপন এবং নিয়মিত এর অগ্রগতি পর্যালোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রতিমাসে অন্তত দুইটি শিক্ষা প্রতিষ্ঠানে আইনি সহায়তা প্রদান ও পুনর্বাসন বিষয়ে ক্যাম্পেইন এর বিষয়ে সিদ্ধান্ত হয়। ক্রমান্বয়ে **০১) জেলা প্রশাসন স্কুল, ০২) ডোমরাকান্দী উচ্চ বিদ্যালয়, ০৩) ঈশান ইন্সটিটিউট, ০৪) গেরদা উচ্চ বিদ্যালয়, ০৫) আনছারউদ্দিন উচ্চ বিদ্যালয়** সমূহে ক্যাম্পেইন পরিচালনা করা হবে। | ১) পুলিশ সুপার, ফরিদপুর<br>২) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>৩) সিভিল সার্জন, ফরিদপুর<br>৪) পাবলিক প্রসিকিউটর, ফরিদপুর<br>৫) প্রধান শিক্ষক, সংশ্লিষ্ট বিদ্যালয়, ফরিদপুর। |
| ০৫ | অভিভাবক ও শিক্ষার্থীদের জন্য ডিজিটাল লিটারেসি সেন্টার (DLC) digitalliteracy.gov.bd এর ব্যবহার | অভিভাবক ও শিক্ষার্থীদের জন্য ডিজিটাল লিটারেসি সেন্টার (DLC) ওয়েবসাইট এর ব্যবহার এবং সচেতনতামূলক জ্ঞান অর্জনের বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ক্যাম্পেইনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত হয়। আঞ্চলিক পরিচালক, বিসিসি তারিখ ও স্থান নির্ধারণপূর্বক একটি সিডিউল উপস্থাপন করবেন। | ১) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>২) জেলা শিক্ষা অফিসার, ফরিদপুর<br>৩) আঞ্চলিক পরিচালক, বিসিসি, ফরিদপুর |
| ০৬ | বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন নিউজ পোর্টালে বিভিন্ন গুজব ও মিথ্যা তথ্য প্রচারের বিষয়ে আলোচনা | সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন ব্লগ ও নিউজ পোর্টালে বিভিন্ন ধরণের সরকার বিরোধী প্রচারণা, গুজব ও মিথ্যা তথ্য প্রচার করা হয়। এছাড়া বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধেও মিথ্যা ও ভিত্তিহীন তথ্য প্রচার করা হয়। এ সকল মিথ্যা তথ্য প্রচারকারীদের আইডির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত হয়। এবিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন মসজিদ, মন্দিরে ইসলামিক ফাউন্ডেশন এর সমন্বয়ে প্রচার-প্রচারনার সিদ্ধান্ত হয়। | ১) পুলিশ সুপার, ফরিদপুর।<br>২) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফরিদপুর<br>৩) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৭-০১-২০২৬
মোহাম্মদ কামরুল হাসান মোল্যা
জেলা প্রশাসক

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ০৫.১২.২৯০০.০০০.০২১.০৩.০০০১.২৩.৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
২। নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
৩। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা।
৫। অধ্যক্ষ ......................................................, ফরিদপুর।
৬। পুলিশ সুপার, ফরিদপুর।
৭। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিভিল সার্জনের কার্যালয়, ফরিদপুর।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)........................, ফরিদপুর।
৯। প্রধান শিক্ষক...................................................., ফরিদপুর।
১০। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ফরিদপুর।
১১। জেলা.............................................................., ফরিদপুর।
১২। জনাব..........................................................., ফরিদপুর।

০১-০২-২০২৬
দেব কুমার পাল
সহকারী কমিশনার